# উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়

## বিজ্ঞপ্তি

স্মারক নং-উবি-০৬/২০০৭-২২৫১৩

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: প্রতারক চক্র থেকে সতর্ক থাকা প্রসঙ্গে।**

বৃত্তিপ্রাপ্ত সকল শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে জানানো যাচ্ছে যে, অনলাইন পোর্টাল থেকে তথ্য নিয়ে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের নিকট ফোন করে প্রতারক চক্র অভিভাবকের বিভিন্ন তথ্য ও টাকা চাচ্ছে।

এমতাবস্থায়, কোনো শিক্ষার্থী বা অভিভাবককে যে কোনো তথ্য বা টাকা না দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। প্রয়োজনে বিদ্যালয়ের অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

৩০/০৭/২০২৫
মুহাম্মদ আরিফুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মুহাম্মদ আরিফুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
ঢাকা বিশ্ববিদ্যালয়

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১। সমন্বয়কারীবৃন্দ:
- (ক) মোঃ আসাদুল আলম, সহকারী অধ্যাপক (উচ্চ মাধ্যমিক শাখা)
- (খ) মোঃ আবুল হোসেন বেপারী, প্রভাষক (মাধ্যমিক শাখা)
- (গ) মোসাঃ নাসিমা খাতুন, প্রভাষক (প্রাথমিক শাখা)
- (ঘ) মোঃ রুহুল আমীন, প্রভাষক (ইংরেজি ভার্সন)
- (ঙ) নিতীশ কুমার সাহা, সহকারী অধ্যাপক (অভ্যন্তরীণ পরীক্ষা)

২। সংশ্লিষ্ট শ্রেণিশিক্ষকবৃন্দ

৩। নোটিশ বোর্ড

৪। অফিস কপি (প্রশাসন)

৫। হিসাবরক্ষণ কর্মকর্তা

৬। ওয়েবসাইট (www.udayan.edu.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৮৪ তারিখ : ১৩-০৫-২০২৫ খ্রিস্টাব্দ

## জরুরি সতর্কীকরণ বিজ্ঞপ্তি

রাজস্ব খাতভুক্ত সকল ধরণের বৃত্তি (পিএসসি, জেএসসি, এসএসসি, এইচএসসি ও অনার্স) ও উপবৃত্তির (পেশামূলক ও তফসিলী) অর্থ EFT এর মাধ্যমে শিক্ষার্থীদের তফসিলভুক্ত অনলাইন ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়। প্রতিষ্ঠানের User ID ও Password ব্যবহার করে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য বৃত্তির MIS সফটওয়্যারে প্রতিষ্ঠান (সকল মাধ্যমিক বিদ্যালয়, সাধারণ কলেজ, মেডিকেল, ইঞ্জিনিয়ারিং কলেজ, বুয়েট ও পাবলিক/সাধারণ বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন ধরণের প্রতিষ্ঠান) হতে এন্ট্রি/সংশোধন করা হয়। এ সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা মাউশি'র ওয়েবসাইটের নোটিশ বোর্ডে আপলোড করা হয়। ফলে বর্ণিত বিষয়ে কোন তথ্য মাউশি হতে প্রতিষ্ঠান/অভিভাবক/শিক্ষার্থী হতে চাওয়া হয় না।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা বোর্ড, বিভিন্ন সরকারি অফিস ও বিভিন্ন ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের নাম ব্যবহার করে বিভিন্ন কারণ দেখিয়ে প্রতারক চক্র শিক্ষা প্রতিষ্ঠান/শিক্ষার্থী/ অভিভাবকের কাছ থেকে অর্থ, প্রতিষ্ঠানের User ID ও Password, ব্যাংক সংক্রান্ত বিভিন্ন তথ্য এবং ডেবিট/ক্রেডিট কার্ডের Password/PIN Number/OTP চাচ্ছে। **উল্লেখ্য, বৃত্তির অর্থ প্রেরণের জন্য এ সংক্রান্ত কোন তথ্য চাওয়া হয় না বিধায় যেকোন ধরনের আর্থিক লেনদেন থেকে বিরত থাকার জন্য, ব্যাংক সংক্রান্ত বিভিন্ন তথ্য, ডেবিট/ক্রেডিট কার্ডের Number/Password/ PIN Number/OTP কারো সাথে শেয়ার না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।**

**এছাড়া, প্রতিষ্ঠানের User ID ও Password এর গোপনীয়তা যথাযথভাবে সংরক্ষণ করার জন্য প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ করা হলো।**

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মুহাম্মদ আজাদ খান)
মহাপরিচালক

**চলমান পাতা - ২**